



শপথের পর বাবা-মায়ের কবর জিয়ারত করলেন প্রধানমন্ত্রী তারেক রহমান



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

নতুন দায়িত্ব গ্রহণের পরপরই রাজধানীর শেরেবাংলা নগরের চন্দ্রিমা উদ্যানে গিয়ে বাবা জিয়াউর রহমান ও মা খালেদা জিয়ার কবর জিয়ারত করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

আজ মঙ্গলবার রাতে কড়া নিরাপত্তার মধ্যে তিনি সেখানে পৌঁছে কবরের পাশে দাঁড়িয়ে কোরআন তিলাওয়াত করেন এবং আত্মার মাগফিরাত কামনায় দোয়া করেন।

মোনাজাত শেষে কিছু সময় নীরবে দাঁড়িয়ে থাকেন তিনি। এ সময় তার সঙ্গে স্ত্রী জুবাইদা রহমান ও মেয়ে জাইমা রহমানসহ পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন।

এর আগে বিকেলে জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের কাছ থেকে শপথ নেন তারেক রহমান। পরে মন্ত্রী ও প্রতিমন্ত্রীরাও শপথ গ্রহণ করেন। এর মধ্য দিয়ে তার নেতৃত্বে নতুন সরকারের আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়; একই সঙ্গে দীর্ঘ সময় পর বিএনপির নেতৃত্বাধীন সরকার দায়িত্ব নেয়।

LENS ASIA